# বাংলাদেশ পুলিশ বাহিনীর পিভিসি আইডি কার্ড (পরিচয় পত্র)
# ব্যবহার ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ড় নির্দেশাবলীঃ-

বাংলাদেশ পুলিশ বাহিনীর সকল পুলিশ সদস্যদের বাংলাদেশ পুলিশ মনোগ্রাম সম্বলিত যে পিভিসি আইডি কার্ড (পরিচয় পত্র) প্রদান করা হইতেছে উহা রক্ষণাবেক্ষণ ও ব্যবহারের জন্য নিম্নলিখিত নিয়মাবলী প্রতিপালন করিতে হইবে।

## পিভিসি আইডি কার্ড (পরিচয় পত্র) প্রস্তুত ও প্রাপ্যতা সংক্রান্ড় নিয়মাবলীঃ-

১) সকল পুলিশ সদস্যগণই আইডি কার্ড (পরিচয় পত্র) প্রাপ্য হইবেন। আইডি কার্ড (পরিচয় পত্র) ধারী প্রত্যেক পুলিশ সদস্যের জন্য একটি সুনির্দিষ্ট আইডি নম্বর বরাদ্দ হইবে যাহা অপরিবর্তনীয়।

২) ইউনিট হইতে সরবরাহকৃত ডাটানুসারে প্রত্যেক পুলিশ সদস্যের জন্মের বৎসরের শেষ দুই সংখ্যা ও ভর্তির বৎসরের শেষ দুই সংখ্যা বসাইয়া ইহার পরে ৬টি ডিজিটে ক্রমানুসারে আইডি নম্বর নির্ধারিত হইবে।

৩) পুলিশ সদর দপ্তর স্মারক নং প্রশাসন/৬৮-২০০৪/১৩৯৭(১১৫), তারিখ ২৯.০৬.২০০৪ খ্রিঃ এর চাহিদানুসারে সকল পুলিশ সদস্যের জন্য সংশিণ্টষ্ট ইউনিট হইতে সরবারহকৃত বায়োডাটা ফরমে প্রদত্ত তথ্য অনুযায়ী আইডি কার্ড (পরিচয় পত্র) প্রস্তুত করা হইতেছে।

৪) নতুন ভর্তির ক্ষেত্রে সংশিণ্টষ্ট কর্মকর্তা/কর্মচারী পুলিশ সদর দপ্তর স্মারক নং প্রশাসন/৬৮-২০০৪/ ১৩৯৭(১১৫), তারিখ ২৯.০৬.২০০৪ খ্রিঃ এর চাহিদানুসারে যাচিত বায়োডাটা সঠিকভাবে পূরণ করতঃ নতুন প্রচলিত পোষাকে টুপি ছাড়া ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি (সাদা ব্যাকগ্রাউন্ড) সংযোজন পূর্বক যথাযথ কতৃপক্ষের মাধ্যমে এআইজি (সংস্থাপন), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা বরাবর প্রেরণ করিবেন।

৫) পদোন্নতির ক্ষেত্রে পদোন্নতি প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী পুরাতন পিভিসি আইডি কার্ড (পরিচয় পত্র) পরিবর্তনের জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে পদোন্নতি প্রাপ্ত পোষাক পরিহিত অবস্থায় (টুপি ব্যতিত) ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি ও পদোন্নতির তারিখ উলেণ্টখ পূর্বক এআইজি (সংস্থাপন), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা বরাবরে আবেদন করিবেন। একইসাথে পুরাতন আইডি কার্ডটি আবেদনের সহিত পুলিশ হেডকোয়ার্টার্সে ফেরৎ প্রদান করিবেন।

৬) পদাবনতি হইলে একই ভাবে পদাবনত কর্মকর্তা/কর্মচারী পুরাতন পিভিসি আইডি কার্ড (পরিচয় পত্র) পরিবর্তনের জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে পদাবনতি প্রাপ্ত পোষাক পরিহিত অবস্থায় (টুপি ব্যতিত) ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি ও পদাবনতির তারিখ উলেণ্টখ পূর্বক এআইজি (সংস্থাপন), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা বরাবরে আবেদন করিবেন। একইসাথে পুরাতন আইডি কার্ড (পরিচয় পত্র) টি আবেদনের সহিত পুলিশ হেডকোয়ার্টার্সে ফেরৎ প্রদান করিবেন।

৭) পিভিসি আইডি কার্ডের (পরিচয় পত্রের) ছবিতে টুপি ও চশমার ব্যবহার পরিত্যাজ্য।

৮) পিভিসি আইডি কার্ডে (পরিচয় পত্রে) পরিস্কার ছবির জন্য পরিমিত আলোতে উঠানো সাদা ব্যাকগ্রাউন্ডের পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি প্রেরণ আবশ্যক।

৯) কেহ চাকুরী হইতে অবসর গ্রহণ করিলে অবসর সময় আরম্ভ হওয়ার দিন সংশিণ্টষ্ট কার্ড বাহক পিভিসি আইডি কার্ড (পরিচয় পত্র) খানা যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে এআইজি (সংস্থাপন) এর বরাবরে ফেরৎ পাঠাইবেন।

১০) কোন সদস্য চাকুরী হারাইলে সংশিণ্টষ্ট কর্মকর্তা/কর্মচারী তাহার পিভিসি আইডি কার্ড খানা নিয়ন্ত্রণাধীন ইউনিট প্রধানের কাছে জমা দিবেন যাহা ইউনিট প্রধান জমা রাখিয়া এআইজি (সংস্থাপন) এর বরাবরে প্রেরণ করিবেন।

১১) কোন কর্মকর্তা/কর্মচারী স্বাভাবিক ভাবে বা দুর্ঘটনায় মৃত্যুবরণ করিলে সংশিণ্টষ্ট থানা/ইউনিটের ভারপ্রাপ্ত কর্মকর্তা পিভিসি আইডি কার্ড (পরিচয় পত্র) খানা সংগ্রহ পুর্বক যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে এআইজি (সংস্থাপন) বরাবরে প্রেরণ করিবেন।

১২) পুলিশ সদর দপ্তর স্মারক নং প্রশাসন/৬৮-২০০৪/১৩৯৭(১১৫) তারিখ ২৯.০৬.২০০৪ খ্রিঃ এর চাহিদানুসারে যে সকল পুলিশ সদস্য অদ্যবধি বায়োডাটা প্রেরণ করেন নাই, তাহাদের বায়োডাটা আইডি কার্ড (পরিচয় পত্র) তৈরীর জন্য অত্যাবশ্যক। সংশিণ্টষ্ট ইউনিট প্রধান তাহাদের বায়োডাটা প্রেরণের ব্যবস্থা নেবেন।

১৩) প্রেরিত বায়োডাটায় কোন প্রকার ভূল বা মিথ্যা তথ্য পরিবেশন হয় নাই মর্মে ইউনিট প্রধানগণ প্রত্যায়ন প্রদান করিবেন। প্রেরিত তথ্যে কোন প্রকার ভূল ত্র“টির কারনে আইডি (পরিচয় পত্রে) কার্ডে ভূল তথ্য পরিবেশিত হইলে তাহার জন্য ইউনিট ইনচার্জ দায়ী থাকিবেন। এ ক্ষেত্রে আইডি কার্ড প্রাপ্তির পরে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সংশোধনের জন্য আবেদন করিতে হইবে।

## পুলিশ সদস্যদের আইডি কার্ড (পরিচয় পত্র) ব্যবহার ও রক্ষণাবেক্ষণঃ-

১) ইস্যুকৃত পিভিসি আইডি কার্ড (পরিচয় পত্র) সংশিণ্টষ্ট কার্ডধারী পুলিশ সদস্য যত্নের সংগে রক্ষণাবেক্ষণ করিবেন।

২) ইস্যুকৃত আইডি কার্ড (পরিচয় পত্র) কোনক্রমেই হস্ড়ান্ড়রযোগ্য নহে।

৩) পিভিসি আইডি কার্ড (পরিচয় পত্র) অননুমোদিত ব্যবহারের জন্য দায়ী ব্যক্তির বির“দ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

৪) সংশিণ্টষ্ট পুলিশ সদস্য কর্তব্য পালনসহ রাস্ড়ঘাটে চলাফেরার সময় পিভিসি আইডি কার্ড (পরিচয় পত্র) খানা সাবধানতার সাথে বহন করিবেন।

৫) কোন চ্যালেঞ্জ এর মোকাবেলায় সংশিণ্টষ্ট পুলিশ সদস্য আইডি কার্ড (পরিচয় পত্র) প্রদর্শনে বাধ্য থাকিবেন।

৬) পিভিসি আইডি কার্ড (পরিচয় পত্র) খানা হারাইয়াগেলে/ খোয়াগেলে/ নষ্ট হইলে সংশিণ্টষ্ট পুলিশ সদস্য কারণ উলেণ্টখ করিয়া স্থানীয় থানায় সাধারন ডাইরী করিবেন।

৭) পিভিসি আইডি কার্ড (পরিচয় পত্র) হারানো/ খোয়া/ নষ্ট হওয়া সংক্রান্ড় সাধারন ডাইরী একজন দায়িত্ববান অফিসার দ্বারা তদন্ড় হইতে হইবে।

৮) সংশিণ্টষ্ট ইউনিট প্রধান তদন্ড় প্রতিবেদন সংযোজন পূর্বক আবেদন খানা তাহার মতামতসহ এআইজি (সংস্থাপন) বরাবরে প্রেরণ করিবেন।

৯) আইডি কার্ড (পরিচয় পত্র) নষ্ট অথবা হারানোর জন্য সংশিণ্টষ্ট কার্ডধারীর অবহেলা ও অসতর্কতা পরিলক্ষিত হইলে তাহার বির“দ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহন করিতে হইবে।

১০) নষ্ট হওয়া পিভিসি আইডি কার্ডের (পরিচয় পত্রের) বেলায় আইডি কার্ড খানা আবেদনপত্রের সংগে থাকিতে হইবে।

১১) পিভিসি আইডি কার্ড (পরিচয় পত্র) প্রাপ্তির সাথে সাথে সংশিণ্টষ্ট কার্ডধারী, প্রাপ্ত আইডি কার্ড (পরিচয় পত্র) টির আইডি নম্বর নিজ দায়িত্বে সংরক্ষন করিবেন। যাহা আইডি কার্ড হারাইয়া গেলে বা খোয়া গেলে নতুন কার্ড পাইতে সহায়ক হইবে।

১২) একাধিক আইডি কার্ড (পরিচয় পত্র) পরিবেশন অথবা আইডি কার্ড (পরিচয় পত্র) সংক্রান্ড় যে কোন ধরনের জালিয়াতির জন্য ইউনিট প্রধানগণ সংশিণ্টষ্ট পুলিশ সদস্যগণের বির“দ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহন করিবেন।

১৩) প্রত্যেক জেলা/ ইউনিটে আইডি কার্ড (পরিচয় পত্র) গ্রহণ/ বিতরণ সংক্রান্ড়ে একটি রেজিষ্টার খাতা সংরক্ষণ করিতে হইবে। উক্ত রেজিষ্টার খাতায় প্রত্যেক পুলিশ সদস্যগণের নামের পার্শ্বে স্ব স্ব আইডি কার্ডের ফটোকপি ও ১ টি করিয়া পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি গাম দিয়া লাগাইয়া রাখিতে হইবে।

স্বাক্ষরিত/২৭/০৭/২০০৬
ইন্সপেক্টর জেনারেল
বাংলাদেশ পুলিশ